

‘পিউপল অন দি শে কি গ্রাউন্ড’

পাশে কি দাঁড়াবো না?

ড. শামস্ রহমান

কাশ্মীর এবং পাকিস্তানে ভূমিকম্প হয়েছে তা আজ দশদিন।
এ এক ভয়াবহ প্রাকৃতিক দুর্ঘটনা।
যেন ‘পৃথিবী কাঁপানো দশদিন’।
টিভির পর্দায়, খবরের কাগজে এর খবর আসছে প্রতিদিন ॥

ক্রমশ সভ্যতার সনুখে উন্মোচিত হচ্ছে ধ্বংসের বিভৎস রূপ।
আকাশ ছোঁয়া পাহাড়ের গা থেকে ধ্বংসে পড়েছে গ্রামের পর গ্রাম।
ধ্বংসে পড়েছে শিক্ষা প্রতিষ্ঠান ও বাসস্থান।
হাসপাতাল, ঘাট ও খেলার মাঠ।
নিহত হয়েছে পঞ্চাশ হাজারেরও অধিক মানুষ।
নারী ও পুরুষ।
অনেক শিশু-কিশোর - অবুঝ ॥

ধ্বংসস্তূপের মাঝে আটকা পড়েছে লক্ষ লক্ষ মানুষ।
ত্রিশ লক্ষাধিক মানুষ আজ গৃহহারা।
প্রয়োজন খাদ্য, বস্ত্র ও চিকিৎসা।
নতুন আস্তানা। সেই সাথে শান্তনা ॥

‘গ্রাউন্ড যতই শে কি হোক’, মানবতার সেবায় আমরা কি এগিয়ে যাব না?
কমিউনিটি কি এ নিয়ে ভাবছে?

১৮ অক্টোবর ২০০৫, চেরিব্রক।